

“নগর স্বাস্থ্য ব্যবস্থার নবযাত্রা”

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নগরবাসীর বিশেষত দরিদ্র জনগোষ্ঠীকে উন্নততর অত্যাৱশ্যকীয় স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে “স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের দায়িত্ব মোতাবেক ১৯৯৮ সাল থেকে স্থানীয় সরকার বিভাগের অধীনে আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ৬ টি নগর মাতৃসদন, ৩০ টি প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র ও ৬০ টি স্যাটেলাইট কেন্দ্রের মাধ্যমে ২১ টি ওয়ার্ডে সকল প্রকার প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। এ প্রকল্পের কার্যক্রম ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত হবে। নগর বাসীর জন্য অত্যাৱশ্যকীয় প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রকল্পটির সাফল্যজনক সমাপ্তি পরবর্তীতে ০১ জুলাই ২০২৫ থেকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর সরাসরি তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় পরিচালিত হবে। নগরবাসীর জন্য বর্তমানে প্রচলিত এই প্রাথমিক স্বাস্থ্য সেবা অধিকতর অধিগম্যতা, ন্যয্যতা, সমতা, মানসম্মত ও টেকসই করণের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ইতিমধ্যে দায়িত্বভার বুঝে নিয়েছে। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের দিকনির্দেশনা মোতাবেক ডিএনসিসি এর মাধ্যমে সকল অংশীজনের সহযোগিতায় নাগরিকগণের সার্বজনীন প্রাথমিক ও অপরিহার্য স্বাস্থ্য সেবায় নবযাত্রার সূচনা হলো।